দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 07 SEP 2016 ...
পৃষ্ঠা ... 6 ... কলাম ... 7 ...

# মেডিক্যাল কলেজের চিকিৎসক কর্মকর্তাদের নিয়মিত উপস্থিতির নির্দেশ

**স্টাফ রিপোর্টার ॥** অফিসে যথাসময়ে ও নিয়মিত উপস্থিতি এবং চিকিৎসাসেবা প্রদান করার জন্য চিকিৎসক কর্মকর্তাদের নির্দেশ দিয়েছে স্বাস্থ্য মন্ত্রণালয়। গত সোমবার স্বাস্থ্য মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব বাসুদেব গাঙ্গুলী স্বাক্ষরিত এমন একটি নির্দেশ সংশ্লিষ্টদের বরাবর পাঠানো হয়েছে। মন্ত্রণালয়ের ওই নির্দেশে বলা হয়েছে, বিভিন্ন মেডিক্যাল কলেজে কর্মরত চিকিৎসক কর্মকর্তাদের মধ্যে অনেক কর্মকর্তা প্রায়শই যথাসময়ে উপস্থিত হন না। অনেক কর্মকর্তা যথাসময়ে কর্মস্থলে উপস্থিত হলেও হাসপাতালে চিকিৎসা প্রদানের ক্ষেত্রে অনীহা প্রদর্শন করেন মর্মে বিভিন্ন সূত্র থেকে অভিযোগ পাওয়া যায়। কর্মকর্তাদের এমন বিলম্বে উপস্থিতি এবং দায়িত্ব পালনে অনীহার বিষয়টি স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টিগোচর হয়েছে। বিষয়টি উদ্বেগজনক। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক হওয়া প্রয়োজন। এমতাবস্থায়, সকল মেডিক্যাল কলেজ ও ইনস্টিটিউটে কর্মরত চিকিৎসক ও শিক্ষকসহ সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে ও নিয়মিত উপস্থিতির পাশাপাশি চিকিৎসাসেবা প্রদান নিশ্চিত করার জন্য স্বাস্থ্য মন্ত্রণালয়ের নির্দেশনামায় বলা হয়েছে। এদিকে অভিযোগ রয়েছে, একের পর এক ব্যবস্থা গ্রহণ করেও কর্মস্থলে চিকিৎসকদের উপস্থিতি প্রত্যাশিত হারে আনতে পারছে না সরকার। এবার তাৎক্ষণিকভাবে দেশের যে কোন সরকারী চিকিৎসা প্রতিষ্ঠানে কর্মরত চিকিৎসকদের সঙ্গে ভিডিও কনফারেন্স করার উদ্যোগ করেছে স্বাস্থ্য মন্ত্রণালয়। স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম স্বয়ং টেলি কনফারেন্সে অংশ নেবেন।